

# জকসু নির্বাচনের তফসিল ঘোষণা কাল

জবি প্রতিনিধি



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয়  
ছাত্রসংসদ (জকসু) নির্বাচনের তফসিল  
আনুষ্ঠানিকভাবে আগামীকাল বুধবার ঘোষণা  
করা হবে। একই সঙ্গে নির্বাচনের চূড়ান্ত  
আচরণবিধি প্রকাশ করা হবে। আজ মঙ্গলবার  
বেলা ১২টার দিকে এ তথ্য নিশ্চিত করেছেন  
প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মোস্তফা  
হাসান।

অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন,  
‘আগামীকাল বুধবারই জকসু নির্বাচনের  
তফসিল ঘোষণা করা হবে।

তখন নির্বাচনের তারিখ জানা যাবে। আমরা  
আগামীকাল নির্বাচনের আচরণবিধিও  
চূড়ান্তভাবে প্রকাশ করব। আমরা তফসিল এবং  
আচরণবিধি নিয়ে কাজ করছি। আপাতত এর  
চেয়ে বেশি কিছু বলতে চাই না।

আগামীকাল আনুষ্ঠানিক ব্রিফিং এ বিস্তারিত  
সবকিছু জানানো হবে।’

এ ছাড়া বিভিন্ন ছাত্র সংগঠনের দাবি দাওয়া  
বিষয়ে কমিশনের অবস্থান জানতে চাইলে  
অধ্যাপক ড. মোস্তফা হাসান বলেন, ‘আমরা  
তাদের দাবিগুলো শুনেছি। তবে এ বিষয়ে  
অতিরিক্ত কোনো কথা বলা সমীচীন মনে করছি  
না।’

এর আগে ৩০ অক্টোবর রাতে জকসু নির্বাচনের  
খসড়া আচরণবিধি প্রকাশ করা হয়।

এতে প্রার্থী হওয়ার ক্ষেত্রে ডোপটেষ্ট  
বাধ্যতামূলক করা হয়। এরপর রবিবার  
আচরণবিধি ও নির্বাচনের তারিখ বিষয়ে মতামত  
জানতে ছাত্র সংগঠনের নেতৃত্ববৃন্দ ও  
সাংবাদিকদের সাথে মতবিনিময় করে কমিশন।

তারও আগে গত ২৯ অক্টোবর সমাজকর্ম  
বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা  
হাসানকে প্রধান নির্বাচন কমিশনার করে ডকসু  
নির্বাচনের জন্য পাঁচ সদস্যের নির্বাচন কমিশন  
গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এতে সহকারী  
নির্বাচন কমিশনার হিসেবে রয়েছেন আইন  
বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শহিদুল  
ইসলাম, পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড.  
কানিজ ফাতেমা কাকলি, কম্পিউটার সায়েন্স  
অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মো.  
জুলফিকার মাহমুদ এবং ইসলামের ইতিহাস ও  
সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো.  
আনিসুর রহমান।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই প্রথম  
ছাত্রসংসদ নির্বাচন পেতে যাচ্ছে জগন্নাথ  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।